# কুমিল্লা সিটি কর্পোরেশন
কুমিল্লা।

গাজী গোলাম ছারোয়ার
কাউন্সিলর ০২ নং ওয়ার্ড
মোবাইল- ০১৭১১-৯৩৭৯৯৪
০১৭৩৩-৪১৯৫৮১

তারিখ ৩০।১১।২০২২ ইং

বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অডিনেশন কমিটি (WLCC) কমিটি গঠন সংক্রান্ত।

ওয়ার্ড নংঃ ০২।

| চাহিত পরিচিতি | ক্র: নং | নাম | পদবী, পরিচিতি ও প্রতিষ্ঠন | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সাধারণ আসনের কাউন্সিলর | ০১ | গাজী গোলাম ছারোয়ার | কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড | সভাপতি | |
| সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০২ | কাউছারা বেগম | প্যানেল মেয়র-০৩ ও কাউন্সিলর ০১, ০২ ও ০৩ নং ওয়ার্ড | সহ-সভাপতি | |
| মুক্তিযোদ্ধা প্রতিনিধি (০১ জন) | ০৩ | ডাঃ আসাদুজ্জামান | সাবেক প্রিন্সিপাল কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ | সদস্য | |
| নিম্ন আয়ের প্রতিনিধি (০২জন) | ০৪ | মাইনুদ্দিন | ব্যবসায়ী | সদস্য | |
| | ০৫ | রিপন | রাজমিস্ত্রী | সদস্য | |
| সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি (০৫জন) | ০৬ | মহিউদ্দিন সুজন | বন্ধু সোস্যাল ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৭ | রবিউল ইসলাম রিপন | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৮ | সাখাওয়াত হোসেন অপু | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৯ | কাইয়ুম | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ১০ | যুবায়ের আলম | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| পেশাজীবি সংগঠনের প্রতিনিধি (০২ জন) | ১১ | মোঃ জাকির হোসেন | সাধারন সম্পাদক অবঃ সরকারী কর্মচারী কল্যান সমিতি, কুমিল্লা জেলা শাখা | সদস্য | |
| | ১২ | বীর মুক্তিযোদ্ধা আয়াত আলী | সদস্য অবঃ সরকারী কর্মচারী কল্যান সমিতি, কুমিল্লা জেলা শাখা | সদস্য | |
| সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠক (০২জন) | ১৩ | গাজী গোলাম শাহপরান সজিব | স্টার ক্রিকেট একাডেমী | সদস্য | |
| | ১৪ | রিয়াদ | স্টার ক্রিকেট একাডেমী | সদস্য | |
| নারী প্রতিনিধি / উদ্যোক্তা (০২ জন) | ১৫ | শিল্পী | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ১৬ | নাহিদা আক্তার | শিক্ষিকা কুমিল্লা সেন্ট্রাল স্কুল | সদস্য | |
| গণমাধ্যম প্রতিনিধি (০১ জন) | ১৭ | মিনাজ | কুমিল্লা ২৪ টিভি | সদস্য | |
| ওয়ার্ড সচিব | ১৮ | ওমর শারিদ বিধান | ওয়ার্ড সচিব ০২ নং ওয়ার্ড | সদস্য-সচিব | |

৩০/১১/২২

গাজী গোলাম ছারোয়ার
কাউন্সিলর, ওয়ার্ড নং-০২
কুমিল্লা সিটি কর্পোরেশন

# কুমিল্লা সিটি কর্পোরেশন
কুমিল্লা।

গাজী গোলাম ছারোয়ার
কাউন্সিলর ০২ নং ওয়ার্ড
মোবাইল- ০১৭১১-৯৩৭৯৯৪
০১৭৩৩-৪১৯৫৮১

তারিখ ৩০/১১/২০২২ইং

বিষয়ঃ ওয়ার্ড লেভেল কো-অডিনেশন কমিটি (WLCC) কমিটি গঠন সংক্রান্ত।
ওয়ার্ড নংঃ ০২।

| চাহিত পরিচিতি | ক্র: নং | নাম | পদবী, পরিচিতি ও প্রতিষ্ঠন | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সাধারণ আসনের কাউন্সিলর | ০১ | গাজী গোলাম ছারোয়ার | কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড | সভাপতি | |
| সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০২ | কাউছারা বেগম | প্যানেল মেয়র-০৩ ও কাউন্সিলর ০১, ০২ ও ০৩ নং ওয়ার্ড | সহ-সভাপতি | |
| মুক্তিযোদ্ধা প্রতিনিধি (০১ জন) | ০৩ | ডাঃ আসাদুজ্জামান | সাবেক প্রিন্সিপাল কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ | সদস্য | |
| নিম্ন আয়ের প্রতিনিধি (০২জন) | ০৪ | মাইনুদ্দিন | ব্যবসায়ী | সদস্য | |
| | ০৫ | রিপন | রাজমিস্ত্রী | সদস্য | |
| সুশীল সমাজ/এনজিও প্রতিনিধি (০৫জন) | ০৬ | মহিউদ্দিন সুজন | বন্ধু সোস্যাল ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৭ | রবিউল ইসলাম রিপন | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৮ | সাখাওয়াত হোসেন অপু | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ০৯ | কাইয়ুম | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ১০ | যুবায়ের আলম | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| পেশাজীবি সংগঠনের প্রতিনিধি (০২ জন) | ১১ | মোঃ জাকির হোসেন | সাধারন সম্পাদক অবঃ সরকারী কর্মচারী কল্যান সমিতি, কুমিল্লা জেলা শাখা | সদস্য | |
| | ১২ | বীর মুক্তিযোদ্ধা আয়াত আলী | সদস্য অবঃ সরকারী কর্মচারী কল্যান সমিতি, কুমিল্লা জেলা শাখা | সদস্য | |
| সামাজিক/সাংস্কৃতিক/যুব/ক্রীড়া সংগঠক (০২জন) | ১৩ | গাজী গোলাম শাহপরান সজিব | স্টার ক্রিকেট একাডেমী | সদস্য | |
| | ১৪ | রিয়াদ | স্টার ক্রিকেট একাডেমী | সদস্য | |
| নারী প্রতিনিধি / উদ্যোক্তা (০২ জন) | ১৫ | শিল্পী | মানবতা ফাউন্ডেশন | সদস্য | |
| | ১৬ | নাহিদা আক্তার | শিক্ষিকা কুমিল্লা সেন্ট্রাল স্কুল | সদস্য | |
| গণমাধ্যম প্রতিনিধি (০১ জন) | ১৭ | মিনাজ | কুমিল্লা ২৪ টিভি | সদস্য | |
| ওয়ার্ড সচিব | ১৮ | ওমর শারিদ বিধান | ওয়ার্ড সচিব ০২ নং ওয়ার্ড | সদস্য-সচিব | |

৩০/১১/২২

গাজী গোলাম ছারোয়ার
কাউন্সিলর, ওয়ার্ড নং-০২
কুমিল্লা সিটি কর্পোরেশন

# কুমিল্লা সিটি কর্পোরেশন

## ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) সভার কার্যবিবরণী

সভাপতি : গাজী গোলাম ছারোয়ার
কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, কুসিক
তারিখ : ০৯/১০/২০২৩ খ্রী:
সময় : রাত ৮.০০ ঘটিকা
স্থান : ০২ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় ।

কুমিল্লা সিটি কর্পোরেশনের সহকারী প্রকৌশলী জনাব ইঞ্জি: মোহাম্মদ ইউসুফ উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে স্বাগত জানিয়ে ও উক্ত সভার গুরুত্ব সম্পর্কে অবগত করে সভার কার্যক্রম শুরু করেন এবং সম্মানিত সভাপতি ০২নং ওয়ার্ড সাধারণ আসনের কাউন্সিলর জনাব গাজী গোলাম ছারোয়ার মহোদয়কে স্বাগত বক্তব্য রাখার অনুরোধ জানান। সভাপতি মহোদয় তার মূল্যবান বক্তব্যে WLCC [illegible] উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করেন।

WPS Office

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| 1. | সন্মানীত সভাপতি কাউন্সিলর জনাব গাজী গোলাম ছারোয়ার তার স্বাগত বক্তব্যে এই সভার গুরুত্ব সম্পর্কে উপস্থিত সকল সদস্য বৃন্দকে অবগত করেন এবং ওয়ার্ডে দৈনিক পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচী, মশক নিধনের প্রক্রিয়াসহ দৈনন্দিক উন্নয়নমূলক বিভিন্ন কর্ম পদ্ধতি সম্পর্কে উপস্থিত সকলকে অবগত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, মহানগরবাসীর নগর সেবার মান আরো উন্নত করতে নগরীর হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ও পানির বিলসহ অন্যান্য সিটি কর সময়মতো পরিশোধ করলে নগর বাসীর জীবন মান উন্নয়ন করা সম্ভব হবে।<br>তিনি সকলকে সিটি কর প্রদানে উৎসাহ প্রদান করেন। পাশাপাশি সকল বকেয়া বিলগুলো দ্রুত পরিশোধের অনুরোধ জানান।<br>ওয়ার্ডের যে কোন সমস্যা যে কোন সময় কাউন্সিলর মহোদয়ের মোবাইল ফোন নাম্বারে অথবা ওয়ার্ড কার্যালয়ে সরাসরি অবগত করার অনুরোধ জানান। | | |
| 2. | সুশীল সমাজ প্রতিনিধি জনাব মহিউদ্দিন সুজন বলেন, ছোটরা পশ্চিমপাড়া কাজী বাড়িতে যে ড্রেনেজ সমস্যা রয়েছে। সরেজমিনে পরিদর্শন | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোহাম্মদ ইউসুফ | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হবে। | |
| 3. | সুশীল সমাজ প্রতিনিধি জনাব মোঃ কাইয়ুম বলেন, বেশ কয়েকবছর পূর্বে কুমিল্লা সিটি কর্পোরেশন থেকে সাবেক কাউন্সিলর বিল্লাল সাহেব কাউন্সিলর থাকাকালীন তার নিজস্ব বাসভবনের সামনে সাবমার্সিবল(গভীর নলকূপ) স্থাপন করেছিলেন। আশপাশের লোকজন সুবিধা ভোগ করছিলো কিন্তু পরবর্তীতে তিনি ক্ষমতার অপব্যবহার করে সেই নলকূপটিকে তার একক দখলে নিয়ে আশপাশের মানুষদের ব্যবহার করতে নিষেধ করেন। যার ফলে কিছু পরিবার সিটি কর্পোরেশনের পানি সেবা থেকে বঞ্চিত হচ্ছেন।<br>তাই ছোটরা মফিজাবাদ কলোনীসহ মহল্লার বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে সাবমার্সিবল(গভীর নলকূপ) স্থাপন করার অনুরোধ জানান তিনি। | সম্মানিত সভা সমন্বয়ক মোহাম্মদ ইউসুফ জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা হবে। পাশাপাশি কাউন্সিলর মহোদয়কে পরবর্তী মাসিক মিটিং এ বিষয়টি উপস্থাপন করার অনুরোধ জানান। | |
| 4. | ০২নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জনাব আবদুল হামিদ বলেন, ২০২২সালের ১৫জুন কুমিল্লা ৩য় মেয়াদে নির্বাচন অনুষ্ঠিত হয়। আজ নির্বাচনের ১বছরেরও অধিক দিন অতিক্রান্ত হলেও নগর ভবনের অতি নিকটতম ওয়ার্ড ০২নং ওয়ার্ডে উন্নয়নের কোন ছোয়া লাগে নি। উন্নয়ন হবে এমন আশায় দিনের পর দিন পাড় করছে ওয়ার্ডবাসী। কবে উন্নয়ন কাজ শুরু হবে? এমন প্রশ্ন রাখেন তিনি। | সন্মানীত সভাপতি মহোদয় সদ্য টেন্ডার হওয়া ০২নং ওয়ার্ডের কিছু কাজ সম্পর্কে অবহিত করেন। এবং আরো কিছু প্রকল্প হাতে নেয়ার আশ্বাস প্রদান করেন। | |
| 5. | সন্মানিত সদস্য জনাব রিপন বলেন দক্ষিণ ছোটরা কবরস্থান রোড এর রাস্তাটির বেহাল দশা। এই ভাঙ্গা রাস্তা দিয়ে চলাচল করতে গিয়ে প্রতিনিয়ত বিভিন্ন যানবাহন দূর্ঘটনায় কবলিত হচ্ছেন। মানুষ আহত হচ্ছেন। উক্ত রাস্তাটির স্থায়ীভাবে মেরামত কাজ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।<br>সন্মানীত সভাপতি মহোদয় বলেন- উক্ত রাস্তাটি সাময়িকভাবে চলাচলের উপযোগী করার জন্য আমাকে ইটের টুকরো ও বালু ফেলার জন্য মাননীয় মেয়র মহোদয় নির্দেশনা প্রদান করেন। আমি তা বাস্তবায়ন করেছি। | সদ্য টেন্ডার হওয়া প্রকল্পের তালিকায় উক্ত রাস্তাটি রয়েছে। অতি দ্রুত স্থায়ী সমাধান হবে। | |

WPS Office

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| 6. | যুব ও ক্রীড়া সংগঠক জনাব গাজী গোলাম শাহপরান সজিব বলেন- আমরা যুবকরা মহল্লার বিভিন্ন খোলামেলা জায়গায় খেলাধুলা করি। কিন্তু ইদানিং লক্ষ্য করেছি ডাস্টবিনের অভাবে মানুষজন আমাদের খেলার স্থানগুলোতে ময়লা আবর্জনা ফেলে রাখে। যার ফলে তরুন যুবকদের খেলাধুলাতে বিঘ্ন ঘটার পাশপাশি পরিবেশও নষ্ট হচ্ছে। তাই আমাদের ছোটরা পশ্চিমপাড়া, ছোটরা মধ্যপাড়া ও ছোটরা মফিজাবাদ কলোনীতে জরুরী ভিত্তিতে ডাস্টবিন প্রয়োজন। | কাউন্সিলর কর্তৃক মেয়র বরাবরে লিখিত আবেদনসহ জোর সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| 7. | সন্মানীত সদস্য জনাব মোঃ জাকির হোসেন বলেন- আমি প্রায়শ লক্ষ্য করেছি সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপনকৃত বৈদ্যুতিক সড়ক বাতিগুলো দিনের বেলায় অবাদে জ্বলে। যার ফলে অতিরিক্ত বিদ্যুৎ বিল আসে। যার বিল গুলো আমাদের টেক্সের টাকা থেকেই প্রদান করা হয়। অতএব বিষয়টি সমাধানের জন্য জোরালো দাবি জানান। | সম্মানিত সভা সমন্বয়ক জনাব মোহাম্মদ ইউসুফ জানান সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করে আগামী ০২কার্য দিবসের মধ্যে ব্যবস্থা গ্রহণ করা হবে হবে। | |
| 8. | সন্মানীত নারী প্রতিনিধি জনাব শিল্পী বলেন ০২নং ওয়ার্ডের যে ড্রেনগুলো রয়েছে সেগুলোতে বর্ষাকালে পানি জমে জনদুর্ভোগ হচ্ছে। জরুরী ভাবে ড্রেনগুলো খনন করা প্রয়োজন। | ওয়ার্ড কার্যালয়ের আওয়াতাধীন দৈনিক লেবারদেরকে সঠিকভাবে কাজের তদারকি করে তাদের দ্বারা ড্রেন খনন করা জন্য ওয়ার্ড সচিব ও ওয়ার্ড জমাদারকে নির্দেশ দেয়া হয়। পাশাপশি প্রয়োজনে নগরভবনের কঞ্জারভেন্সি বিভাগ থেকে অতিরিক্ত লেবার এনে ড্রেন খনন | |

WPS Office

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| | | করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| 9. | সন্মানীত সদস্য জনাব রিয়াদ বলেন- ছোটরা জংলী বিবি মসজিদ সংলগ্ন পুকুরটিতে আগে মুসুল্লিগণ নামাযের সময় অযু করতেন। কিন্তু বর্তমানে পুকুরটিতে পাশ্ববর্তী মগবাড়ী বাজারের বিভিন্ন ময়লা আবর্জনা ফেলে পুকুরটি ব্যবহারের অনুপযোগী করে রাখা হয়েছে। যার ফলে পরিবেশ হুমকির সম্মুখিন হয়েছে। দ্রুত পুকুরটি সংস্কার করার দাবী জানান তিনি। | এলাকাবাসীর সাথে বসে সিদ্ধান্ত নিয়ে যথাযথ কর্তৃপক্ষ দ্বারা ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়। | |
| 10. | সন্মানীত সদস্য জনাব সাখাওয়াত হোসেন অপু বলেন, আমাদের ছোটরা ডিসি বাংলো সড়কটিতে কিছু অংশ পথচারী হাটার জন্য ফুটপাত নির্মান করা হয়েছে। কিন্তু সামান্য কিছু অংশে নির্মাণ করায় ফুটপাতটি যথাযথ কাজে আসছে না। পুরো ওয়ার্ডে ফুটপাত নির্মান করা হলে পথচারীদের নির্বিঘ্নে চলাচলের সুবিধা হতো। | পর্যায়ক্রমে মাসিক মিটিংয়ে উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। | |
| 11. | সদস্য সচিব জনাব ওমর শারিদ বিধান ০২নং ওয়ার্ড সচিব বলেন, ভবিষ্যতে ওয়ার্ডের সার্বিক উন্নয়ন বাস্তবায়ন করতে হলে এভাবে ত্রৈমাসিক মিটিং করে ওয়ার্ডের নাগরিক সেবাসহ অন্যান্য যে কোন সমস্যা চিহ্নিত করলে উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকবে। | প্রতি ০৩(তিন)মাস অন্তর অন্তর উক্ত সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| 12. | পরিশেষে সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে ভবিষ্যতে এ ধরনে মিটিং এর আয়োজন করা হলে সকলে যেন উপস্থিত থাকে তার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

WPS Office